গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা
ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.২৬- ৭৪৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প (জুন,২০২৬ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৬/০৭/২০২৬খ্রি. তারিখ ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জুন, ২০২৬ পর্যন্ত) পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী আরএডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ০৭/০৮/২০২৬ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ডকপি নিম্মস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
**(১)** আরএডিপি সভার কার্যবিবরণী ০৩ (তিন) পাতা।

২৮/০৭/২০২৬
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: repon303@yahoo.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**
১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক ,কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প।
৪। প্রকল্প পরিচালক ,আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর ,ঢাকা।
৫। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্প, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, শস্যগুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**
১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জুন, ২০২৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এম. এম. আরিফ পাশা (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ২৬ জুলাই, ২০২৬; দুপুর ১২:০০ টা। |
| সভার স্থান | : | কৃষি বিপণন অধিদপ্তরের সভা কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক।** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) গত ০২ জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন পূর্বক জানান যে, কার্যবিবরণীটি গত ০৯ জুলাই, ২০২৬ তারিখে সকল প্রকল্প পরিচালকগণ বরাবর প্রেরণ করা হয়। উক্ত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী ও সংযোজনী প্রস্তাব পাওয়া না যাওয়ায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপন করা হয় এবং সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২। **আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি:**

কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মোট 'বরাদ্দ ও ব্যয়' এবং ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের হিসাব জুন, ২০২৬ পর্যন্ত অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

**ছক-২.১: প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি**

| **ক্রম** | **প্রকল্পের নাম ও মেয়াদ** | **মোট বরাদ্দ** (কোটি টাকা) | **২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দ** (কোটি টাকা) | **অগ্রগতি** (কোটি টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি অর্থবছরের ব্যয় (জুন, ২০২৬ পর্যন্ত) | | প্রকল্প শুরু থেকে ক্রমপুঞ্জিত ব্যয় | |
| | | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১. | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) (জুলাই,২০১৮-জুন, ২০২৮) | ২৬২.৬৭ | ৪৭.৮৩ | ৪২.৩৫ (৮৮.৫৪%) | ৮৮% | ২৪৪.২৬ (৯২.৯৯%) | ৯৫% |
| ২. | পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প (জুলাই ২০২৩ - জুন ২০২৮) | ৭৬০.০০ | ৭৫.২৪ | ৪৩.৫২ (৫৭.৭৫%) | ৯০% | ৯৪.৫৮ (১২.৪৫%) | ২০% |
| ৩. | এসডিএএমপি (১ম সংশোধিত) জুলাই ২০১৯- জুন ২০২৬ | ১৮৩.৯৯ | ৫০.৭৫ | ২০.৪৫ (৪০.৩০%) | ৬০% | ১২৩.১৩ (৬৬.৯২%) | ৭২% |
| ৪. | পেঁয়াজ ও রসুন প্রকল্প (জুলাই ২০২১- জুন ২০২৬) | ৭৩.২১ | ২৭.৫৮ | ২১.৩৬ (৭৭.৪৩%) | ১০০% | ৬৫.৯৫ (৯০.০৮%) | ১০০% |
| ৫. | আলুর বহুমুখী প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারি ২০২২ -জুন ২০২৬) | ৪৯.১৫ | ৪.৭৬ | ৪.৩০ (৮৩.২৪%) | ৯৭% | ৪৪.৮৯ (৯১.৩৪%) | ৯৩% |
| ৬. | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প (অক্টোবর ২০২৩- জুন ২০২৬) | ৪৯.০০ | ১৬.১৫ | ৬.২০ (৩৮.৩৯%) | ৬৫% | ২৪.৯৩ (৫০.৮৮%) | ৬০% |

## ছক-২.২: জুন, ২০২৬ পর্যন্ত প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি

| ক্রম | প্রকল্পের নাম | আরএডিপি বরাদ্দ: ২০২৫-২৬ (কোটি টাকা) | | | অবমুক্ত (কোটি টাকা) ও (বরাদ্দের %) | | | ব্যয় (কোটি টাকা) ও (বরাদ্দের %) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১. | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৪৭.৮৩ | ১৩.৫০ | ৩৪.৩৩ | ৪৬.৩৫ (৯৬.৯১%) | ১৩.৫০ (১০০%) | ৩২.৮৫ (৯৫.৬৯%) | ৪২.৩৫ (৮৮.৫৪%) | ১০.২৬ (৭৬.০০%) | ৩২.০৯ (৯৩.৪৮%) |
| ২. | পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প | ৭৫.২৪ | ৭.৭৯ | ৬৭.৪৫ | ৫৮.৩৭ (৭৭.৫৮%) | ৭.৭৯ (১০০%) | ৫০.৫৮ (৭৪.৯৯%) | ৪৩.৫২ (৫৭.৮৫%) | ৫.৭২ (৭৩.৩৯%) | ৩৭.৮১ (৫৬.০৫%) |
| ৩. | এসডিএএমপি (১ম সংশোধিত) | ৫০.৭৫ | ৫০.৭৫ | ০ | ৩৫.২০ (৬৯.৩৬%) | ৩৫.২০ (৬৯.৩৬%) | ০ | ২০.৪৫ (৪০.৩০%) | ২০.৪৫ (৪০.৩০%) | ০ |
| ৪. | পেঁয়াজ ও রসুন প্রকল্প (১ম সংশোধিত) | ২৭.৫৮ | ২৭.৫৮ | ০ | ২৬.৩৫ (৯৫.৫৩%) | ২৬.৩৫ (৯৫.৫৩%) | ০ | ২১.৩৬ (৭৭.৪৩%) | ২১.৩৬ (৭৭.৪৩%) | ০ |
| ৫. | আলুর বহুমুখী প্রকল্প (১ম সংশোধিত) | ৫.১৬ | ৫.১৬ | ০ | ৪.৭৬ (৯২.১৫%) | ৪.৭৬ (৯২.১৫%) | ০ | ৪.৩০ (৮৩.২৪%) | ৪.৩০ (৮৩.২৪%) | ০ |
| ৬. | শস্যগুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১৬.১৫ | ১৬.১৫ | ০ | ১৪.৩৪ (৮৮.৭৯%) | ১৪.৩৪ (৮৮.৭৯%) | ০ | ৬.২০ (৩৮.৩৯%) | ৬.২০ (৩৮.৩৯%) | ০ |
| **সর্বমোট** | | **২২২.৭১** | **১২০.৯৩** | **১০১.৭৮** | **১৮৫.৩৬ (৮৩.২৩%)** | **১০১.৯৩ (৮৪.২৯%)** | **৮৩.৪৩ (৮১.৯৭%)** | **১৩৮.১৮ (৬২.০৪%)** | **৬৮.২৮ (৫৬.৪৬%)** | **৬৯.৯০ (৬৮.৬৭%)** |

উপরোক্ত ছক ২.১ ও ২.২ এর তথ্য পর্যালোচনায় দেখা যায়, পার্টনার-ডিএএম অংগ, এসডিএএমপি, শস্য গুদাম প্রকল্পের অগ্রগতি কম। এ বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। ২০২৬-২৭ অর্থ বছরে অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে অধিকতর সচেষ্ট থাকার বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

## ছক-২.৩: প্রতিবেদনাধীন (জুন, ২০২৬) মাস পর্যন্ত প্রকল্পসমূহের দরপত্রের অগ্রগতি:

| ক্রম | প্রকল্পের নাম | দরপত্র/প্যাকেজ সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্র/ প্যাকেজের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশন আহ্বানের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ১২ | ১২ | ১২ | ৯ | ৯ | ৯ | সন্তোষজনক |
| ২ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ২৯ | ২৭ | ২১ | ৬ | ৬ | ৬ | সন্তোষজনক নয় |
| ৩ | এসডিএএমপি | ১ | ১ | ০ | ৩ | ৩ | ৩ | সন্তোষজনক নয় |
| ৪ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৭ | ৭ | ৭ | ৪ | ৪ | ৪ | সন্তোষজনক |
| ৫ | আলুর প্রকল্প | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | সন্তোষজনক |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ৮ | ৬ | ৬ | ১২ | ১২ | ১২ | সন্তোষজনক |
| | **সর্বমোট** | **৬১** | **৫৭** | **৫০** | **৩৮** | **৩৮** | **৩৮** | |

৩। **সভার সিদ্ধান্তসমূহঃ** সভায় কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ২০২৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত প্রকল্পসমূহের আওতায় ক্রয়কৃত স্থাবর-অস্থাবর সম্পত্তি, মালামাল ও আসবাবপত্র সরকারি বিধি-বিধান কঠোরভাবে অনুসরণপূর্বক পূর্ণাঙ্গ ইনভেন্টরি (তালিকা) প্রস্তুত করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২. | সমাপ্ত প্রকল্পসমূহের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (Project Completion Report-PCR) ২০ আগষ্ট, ২০২৬ তারিখের মধ্যে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩. | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জন্য ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan-APP) আগামী ১৫ আগষ্ট, ২০২৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; | সকল পিডি |
| ৪. | বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আওতায় প্রতিষ্ঠিত সফল উদ্যোক্তাদের সাফল্যের গল্প ও তাদের ব্যবসায়িক কার্যক্রম জনগণের মাঝে তুলে ধরার জন্য কার্যকর প্রচারণা কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়া (সোশ্যাল মিডিয়াসহ) ব্যবহার করে প্রচারের ব্যবস্থা করতে হবে; | সকল প্রকল্প পরিচালক |
| ৫. | 'কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প'-এর আওতায় নির্মিত অফিস-কাম-ট্রেনিং সেন্টারসমূহ দ্রুততম সময়ের মধ্যে নির্ধারিত কমিটির মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বুঝে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, জোরদারকরণ প্রকল্প |
| ৬. | যেসকল প্রকল্পের ২০২৬-২৭ অর্থ বছরের এডিপি' তে বরাদ্দ রাখা হয়নি সে সকল প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের যোগাযোগপূর্বক দ্রুত অর্থছাড়ের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৭. | অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্পসমূহের ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত পূর্বক আগামী ১৫ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; | সকল প্রকল্প পরিচালক |
| ৮. | প্রকল্পের অডিট আপত্তিসমূহ দ্রুততার সাথে নিষ্পন্ন করে নিষ্পত্তির কপি প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে এবং অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশিট জবাব দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম. এম. আরিফ পাশা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)